



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৪৫

তারিখ: ১৭ মাঘ ১৪৩০

৩১ জানুয়ারি ২০২৪


বিষয়: মহামান্য সুপ্রিম কোর্টের, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৬৯/২০২৩ (রিট পিটিশন নং-১৪০৩৮/২০১৭ হতে উদ্ধৃত) মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: আব্দুল বাছেদ, প্রভাষক (ইসলামের ইতিহাস), আব্দুল্লাহ আল মাহমুদ মেমোরিয়াল হাই স্কুল এন্ড কলেজ, শিয়ালকোল, সিরাজগঞ্জ তাঁকে সহকারী অধ্যাপক পদে অন্তর্ভুক্তির জন্য মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা (রিট পিটিশন নং-১৪০৩৮/২০১৭) দায়ের করেন। মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের মামলার (রিট পিটিশন নং-১৪০৩৮/২০১৭) রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংস্কর হয়ে মহামান্য সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৬৯/২০২৩ মামলা দায়ের করেছেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং বিবাদী ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৫(পাঁচ) জনকে বিবাদী করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৬৯/২০২৩ (রিট পিটিশন নং- ১৪০৩৮/২০১৭ হতে উদ্ধৃত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনার লক্ষ্যে উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) কনটেম্পট পিটিশন নং-৬৯/২০২৩ (রিট পিটিশন নং-১৪০৩৮/২০১৭ হতে উদ্ধৃত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগকরণ;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদনকরণ;
- (ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ; এবং
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



৩১-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৪৫/১(৪)

তারিখ: ১৭ মাঘ ১৪৩০

৩১ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩১-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব